



# SOUTHEAST UNIVERSITY

252, Tejgaon I/A Dhaka-1208

Tel:8802226603610-17, E-mail: info@seu.edu.bd

রেফাঃ এসইইউ/এইচ আর/নোটিশ/৭৪২/২০২৩

তারিখঃ ১৬.১০.২০২৩

## নোটিশ

বিষয়ঃ “শেখ রাসেল দিবস-২০২৩” উদযাপন উপলক্ষে আলোচনা অনুষ্ঠান ও বিশেষ দোয়া মাহফিলে অংশগ্রহণ প্রসঙ্গে।

সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে “শেখ রাসেল দিবস-২০২৩” উদযাপন উপলক্ষে ১৮ অক্টোবর ২০২৩ বুধবার, দুপুর ২:০০টায় বিশ্ববিদ্যালয়ের মাল্টিপারপাস হলে (২৫২ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮) আলোচনা অনুষ্ঠান ও বিশেষ দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

সাউথইস্ট বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের মাননীয় চেয়ারম্যান জনাব রেজাউল করিম সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ. এফ. এম. মফিজুল ইসলাম।

উক্ত অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ের নিম্নে বর্ণিত ব্যক্তিবর্গের উপস্থিতি বাধ্যতামূলকঃ

- ১। সকল ডীন ও পরিচালক, আইকিউএসি
- ২। সকল একাডেমিক বিভাগীয় প্রধান
- ৩। সকল প্রশাসনিক বিভাগীয় প্রধান
- ৪। সকল শিক্ষক
- ৫। সকল প্রশাসনিক কর্মকর্তা (অফিসার এবং উর্ধ্ব)
- ৬। প্রত্যেক ক্লাবের ০৫ জন ছাত্র প্রতিনিধি

সকল বিভাগীয় প্রধানগণ তাদের বিভাগের শিক্ষক ও কর্মকর্তাদের অনুষ্ঠানে যোগদান নিশ্চিত করবেন। পরিচালক, সিপিডিএস ক্লাবের ছাত্র প্রতিনিধিগণের উপস্থিতি নিশ্চিত করবেন।

অনুষ্ঠানস্থলে সকলকে বেলা ১:৪৫ ঘটিকার মধ্যে উপস্থিত থাকতে হবে।

মেজর জেনারেল কাজী ফকরুদ্দিন আহমেদ, এসপিপি, পিএসসি (অব.)  
রেজিস্ট্রার

কার্যক্রম :

- ১। সকল ডীন ও পরিচালক, আইকিউএসি
- ২। সকল একাডেমিক বিভাগীয় প্রধান
- ৩। সকল প্রশাসনিক বিভাগীয় প্রধান
- ৪। পরিচালক, সিপিডিএস
- ৫। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), আই টি (সংশ্লিষ্ট সকলকে ই-মেইলের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

অনুলিপি :

- ১। সচিব, বোর্ড অব ট্রাস্টিজ, সাউথইস্ট ইউনিভার্সিটি ট্রাস্ট
- ২। ব্যক্তিগত সহকারী, মাননীয় উপাচার্য
- ৩। ব্যক্তিগত সহকারী, মাননীয় উপদেষ্টা, বোর্ড অব ট্রাস্টিজ, সাউথইস্ট ইউনিভার্সিটি ট্রাস্ট
- ৪। ব্যক্তিগত সহকারী, রেজিস্ট্রার
- ৫। নিরাপত্তা কর্মকর্তা
- ৬। অফিস নথি

সম্মানিত উপাচার্য এবং সম্মানিত  
উপদেষ্টা, বিওটিকে অবগত করার জন্য